

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ২৯, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ চৈত্র ১৪২২/২৯ মার্চ ২০১৬

নম্বর-০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.০৫৯—যুক্তরাষ্ট্রের নিউইয়র্কভিত্তিক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাময়িকী 'ফরচুন' কর্তৃক ২৪ মার্চ ২০১৬ তারিখে বিশ্বের পঞ্চাশ জন মহান নেতার তালিকা প্রকাশিত হয়েছে। এই তালিকায় স্থান পেয়েছেন বর্তমান বিশ্বের খ্যাতিমান ব্যক্তিবর্গ যাঁরা রাজনীতি, ব্যবসা, মানবকল্যাণ, শিল্পকলা প্রভৃতি শ্রেণি-পেশায় নিয়োজিত থেকে বিশ্বকে বদলে দিতে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন এবং তাঁদের উন্নয়নমূলক ও জনহিতকর কর্মকাণ্ডের মধ্য দিয়ে অন্যদেরকেও অনুপ্রাণিত করছেন। উক্ত তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান দশম।

২। প্রতিযশা সাময়িকী 'ফরচুন'-এ বিশ্বের মহান নেতাদের তালিকায় স্থায়ী অবস্থান অর্ন্তুত্তির মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৪ চৈত্র ১৪২২/২৮ মার্চ ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

(২৩৮৫)

মূল্য ৪ টাকা ৪.০০

**মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব**

১৪ চৈত্র ১৪২২

ঢাকা: -----  
২৮ মার্চ ২০১৬

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কভিত্তিক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাময়িকী ‘ফরচুন’ কর্তৃক ২৪ মার্চ ২০১৬ তারিখে বিশ্বের পঞ্চাশ জন মহান নেতার তালিকা প্রকাশিত হয়েছে। এই তালিকায় স্থান পেয়েছেন বর্তমান বিশ্বের খ্যাতিমান ব্যক্তিবর্গ যীরা রাজনীতি, ব্যবসা, মানবকল্যাণ, শিল্পকলা প্রভৃতি শ্রেণি-পেশায় নিয়োজিত থেকে বিশ্বকে বদলে দিতে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন এবং তাঁদের উন্নয়নমূলক ও জনহিতকর কর্মকাণ্ডের মধ্য দিয়ে অন্যদেরকেও অনুপ্রাণিত করছেন। উক্ত তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান দশম। ইসলামি সহযোগিতা সংস্থার (ওআইসি) সদস্য-রাষ্ট্রগুলোর মধ্যে একমাত্র নারী নেতা হিসেবে তিনি অত্যন্ত দক্ষতার সঙ্গে নারীদের সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করছেন। নারীদের অধিকার প্রতিষ্ঠা, আইনি সুরক্ষা, শিক্ষায় প্রাগ্রসরতা, অর্থনৈতিক স্বাধীনতা, রাজনৈতিক ক্ষমতায়ন এবং জেডার-সমতাসহ আর্থ-সামাজিক উন্নয়নের বিভিন্ন সূচকের অগ্রগতি নিশ্চিতকরণে তাঁর অসামান্য অবদানের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ যে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে তারই স্বীকৃতি World’s Greatest Leaders শীর্ষক তালিকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই সম্মানজনক অন্তর্ভুক্তি।

একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা লাভ আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের অবস্থানকে ক্রমাগত সুসংহত করে চলছে। এরই ধারাবাহিকতায় প্রথিতযশা সাময়িকী ‘ফরচুন’-এ বিশ্বের মহান নেতাদের তালিকায় স্থায়ী অবস্থান অন্তর্ভুক্তির মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd